দৈনিক
আমাদের সময়
তারিখ: 21 SEP 2017
পৃষ্ঠা: ১২ কলাম: ৭

# এমবিবিএস ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ সতর্কতার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক ●
সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা আগামী ৬ অক্টোবর অনুষ্ঠিত হবে। এবারের এমবিবিএস ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ সতর্কতার মধ্য দিয়ে সম্পন্ন করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল সচিবালয়ে এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষা তত্ত্বাবধানে গঠিত ওভারসিইং কমিটির এক সভায় তিনি এই নির্দেশ দেন।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, মেডিক্যাল ও ডেন্টালে ভর্তি পরীক্ষার মান সমুন্নত রাখতে কোনো আপস করা হবে না। পরীক্ষার প্রশ্নপত্র তৈরি ও কেন্দ্রে পৌঁছানোর ক্ষেত্রে নিরাপত্তাজনিত কোনো এরপর পৃষ্ঠা ২, কলাম ৬

## এমবিবিএস ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ

(শেষ পৃষ্ঠার পর) বিচ্যুতি যেন না ঘটে সেদিকে সবাইকে সতর্ক থাকতে হবে। গত বছর যেভাবে পরীক্ষা প্রক্রিয়া নিয়ে কোনো প্রশ্ন ওঠেনি, সেভাবে এ বছরও সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। স্বাস্থ্যমন্ত্রী জানান, ভুয়া প্রশ্নপত্র তৈরি করে নিরীহ শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে প্রতারণার অপকৌশল বন্ধ করতে ১ সেপ্টেম্বর থেকে ভর্তি কোচিং সেন্টার বন্ধ করা হয়েছে। তার পরও নজরদারি বাড়াতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশনা দেওয়া আছে। আগামী ২৭ সেপ্টেম্বর ঢাকায় ভর্তি পরীক্ষায় আইনশৃঙ্খলা-সংক্রান্ত বৈঠক হবে। সভায় অন্যদের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মো. সিরাজুল ইসলাম, বিএসএমএমইউর উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) সভাপতি অধ্যাপক ডা. সহিদুল্লা, বিশেষজ্ঞ চিকিৎসক, শিক্ষাবিদসহ মন্ত্রণালয় ও অধিদপ্তরের শীর্ষ পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।